

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
মোহসিনউল আদনান

প্রধান প্রতিবেদক
গোলাম মোর্তোজা

প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু

সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

আলোকচিত্রী
আনোয়ার মজুমদার

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী

ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন

চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান

যশোর প্রতিনিধি
মামুন রহমান

সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল

কানাড়া প্রতিনিধি
জসিম মল্লিক

হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল

নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ

ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ

যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নূরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইন্সটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : s2000@dbn-bd.net
info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

দিকপ্রান্তভাবেই চলছে সরকার। রাষ্ট্র পরিচালনায় কোনো সমন্বয়ের উদ্যোগ নেই। সরকারের ভেতর থেকেই কাণ্ডজ্ঞানহীনভাবে বিভিন্ন জন বক্তব্য রাখছে। তাদের বক্তব্যে বিপাকে পড়ছে সরকার, দেশের মানুষ। দৃশ্যত দেখে মনে হচ্ছে, দেশে সচল কোনো সরকার নেই।

প্রচণ্ড সমালোচনা সত্ত্বেও স্বাধীনতা যুদ্ধে প্রত্যক্ষ বিরোধিতাকারী ব্যক্তি সালাউদ্দিন কাদের চৌধুরীকে ওআইসির মতো আন্তর্জাতিক একটি প্রতিষ্ঠানে মহাসচিব পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য মনোনয়ন দেয়া হলো। বলা হলো, সাকাটো অবশ্যই জরুরি হবে। বাস্তবে পেয়েছে মাত্র ১২ ভোট। নির্বাচনের ব্যর্থতায় আবারও সাকা অসংলগ্ন শিষ্টাচারবিরোধী বক্তব্য দিতে লাগলেন। তুরস্কের বিজয়কে ইহুদিদের বিজয় বলে অভিহিত করলেন। বিরোধীদলীয় নেত্রী ও সাংসদ সুরঞ্জিত সেনগুপ্তের বিরুদ্ধে ক্ষমার অযোগ্য বক্তব্য দিলেন। সাকার এ বক্তব্যে হতবাক হলো জনগণ। ভুলুষ্ঠিত হলো দেশের সম্মান। অথচ সাকার বক্তব্য সরকারের বক্তব্য নয়- এ কথা বলেই খালাস পেয়ে গেলেন জোট সরকারের পররাষ্ট্রমন্ত্রী। সাকা আবারও সংসদে দাঁড়ালো নির্লজ্জভাবে।

সারা দেশের মানুষ নিরাপত্তাহীনতায় ভুগছে। খুন হচ্ছেন সাংসদ, সাংবাদিক। প্রকাশ্যে ডাকাতি করতে গিয়ে পুলিশের হাতে ধরা পড়লো কুখ্যাত সন্ত্রাসী ইদুল। সন্ত্রাসীদের ধরতে গিয়ে দুজন পুলিশ খুন হয়। এ ঘটনায় নাম জড়িয়ে পড়লো ঢাকা বিশ্ববিদ্যালয় জহুরুল হক হলের ছাত্রদল সভাপতি তানজিলের। তার পক্ষ অবলম্বন করে বক্তব্য দিলো ছাত্রদল কেন্দ্রীয় সভাপতি সাহাবুদ্দীন লাল্টু। এই লাল্টু ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী বলে পরিচিত ছিল। শুধু তোষামোদ আর পেশিশক্তির কারণে তাকে ছাত্রদলের সভাপতি করা হয়।

ঢাকা ১০ আসন থেকে নির্বাচন করছেন মোসাদ্দেক আলী ফালু। অথচ ফালুর রাজনৈতিক কোনো ব্যাকগ্রাউন্ড না থাকলেও নির্বাচনের পর তাকে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব করা হয়েছে। তাকেই দেয়া হয় ঢাকা ১০ আসনের মনোনয়ন। মনোনয়ন পেয়ে জেতার জন্য মরিয়া হয়ে উঠেছে ফালু। চলছে অস্ত্র, অর্থ আর পেশিশক্তির মহড়া। তার বক্তব্য ও আচরণ এখন মিডিয়ায় সমালোচনার বিষয়।

আওয়ামী লীগ সরকারের নানা ব্যর্থতার কারণে মানুষ বিকল্প হিসেবে জোট সরকারকে ভোট দিয়েছে। মানুষের আশা ছিল জোট সরকার তাদের সমস্যা সমাধানে আন্তরিক হবে। হয়েছে তার উল্টো। জনগণের কথা ভুলে জোট সরকার লালু-সালু-ফালুদের সুযোগ দিতে ব্যস্ত হয়ে পড়েছে। এই লালু-সালু-ফালুরা দায়িত্ব পেয়ে সবকিছু লুটে নিচ্ছে। সরকার জনগণকে ফেলছে বিপাকে। লালু-সালু-ফালুদের দিয়ে যে দেশ চালানো যায় না, তা খালেদা জিয়া এখনো বুঝতে পারছেন না।

খালেদা জিয়ার এমন আচরণে লাভ হচ্ছে লালুদের। বিপাকে পড়ছে বিএনপি, জনগণ। এটা প্রধানমন্ত্রীকে বুঝতে হবে। দেশ চালাতে হবে অভিজ্ঞ, দায়িত্ববান, সৎ লোকদের উপদেশ মতো। তাদের পরামর্শে দেশকে এগিয়ে নেয়া সম্ভব।

প্রচ্ছদের কার্টুন : মশিউর রহমান রানা

